


সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে আয়োজিত ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব এ টি এম মোস্তফা কামাল অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২ অনুবিভাগ) ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সভার তারিখ	: ২০ জুন, ২০২৩ খ্রি:।
সময়	: সকাল ১১.৩০ ঘটিকা।
সভার স্থান	: মন্ত্রণালয়ের সভা কক্ষ (ভার্চুয়াল সভা)

সভাপতি ভার্চুয়ালী সংযুক্ত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে প্রণয়ন, প্রদর্শন, নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করার জন্যই মন্ত্রিপরিষদ বিভাগ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনের কার্যক্রমটি অন্তর্ভুক্ত করেছে। অতঃপর ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বিষয়ে উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (প্রশাসন-১) কে অনুরোধ করেন। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অদ্যকার সভা অনুষ্ঠানের পূর্বে ১৯ জুন ২০২৩ তারিখ মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থা সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণে দেখা যায় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ত্রুটিসমূহ সংশোধন করে আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়নের জন্য প্রদত্ত নির্দেশনার আলোকে দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি শতভাগ হালনাগাদ পাওয়া যায়নি। বিশেষ করে মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর সেবা প্রদান প্রতিশ্রুতির 'প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান' কলামে কোন লিংক যুক্ত করেনি। তাছাড়া নিয়মিত ও রুটিন ধর্মী কাজকে সেবা হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত সাধারণ ত্রুটিসমূহ সভায় পুনরায় উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ক) মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনার আলোকে এ মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করবে। বিশেষ করে 'প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান' কলামে বিভিন্ন ফরম/আবেদন ফরম/প্রস্তাব লিংক আকারে সংযুক্ত করা;
- খ) সেবা প্রদান প্রতিশ্রুতিতে রুটিন কাজকে সেবা হিসেবে উল্লেখ না করা;
- গ) একাধিক সেবা একীভূত করে একই নামে অন্তর্ভুক্ত না করা;
- ঘ) আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রয়োজনীয় তথ্য/উপাত্ত থাকা প্রয়োজন তা সুস্পষ্টভাবে উল্লেখ করা এবং চাহিত কাগজপত্রের ধরন (যেমন: সত্যায়িত/ফটোকপি/মূল কপি/কপির সংখ্যা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করা;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ভার্চুয়ালী যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ টি এম মোস্তফা কামাল)
অতিরিক্ত সচিব

ও

সেবা প্রদান প্রতিশ্রুতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়